মেহেরপুরে সমসাময়িক প্রেক্ষাপট নিয়ে সিপিবির আলোচনা সভা

ছাত্র আন্দোলনে শহীদ ছাত্র এবং বন্যায় নিহত মানুষের জন্য শ্রদ্ধা জ্ঞাপনের মধ্য দিয়ে এবং দেশের সমসাময়িক প্রেক্ষাপটে দুঃশাসন হটাও, ব্যবস্থা বদলাও, বিকল্প গড়ো স্লোগানকে সামনে নিয়ে বাংলাদেশ কমিউনিস্ট পার্টি (সিপিবি) মেহেরপুর জেলা শাখার আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার (২৩ আগষ্ট) সকাল ১০ টার সময় মেহেরপুরের পুরাতন বাস স্ট্যান্ড এলাকায় বাংলাদেশের কমিউনিস্ট পার্টি, মেহেরপুর জেলা শাখার আয়োজিত আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

শহিদুল ইসলাম কাননের সঞ্চালনা এবং শহিদুল ইসলামের সভাপতিত্বে আলোচনা সভায় কেন্দ্রীয় প্রতিনিধি হিসেবে কমরেড ইদ্রিস আলী ও অতিথি হিসেবে কমরেড হাবিবি জহির উপস্থিত ছিলেন। এসময় উপস্থিত থেকে বক্তব্য রাখেন কমরেড মুসা করিম, সিদ্দিকুর রহমান, রফিক উদ্দিন, মাহমুদুল ইসলাম, উষা, পাভেল, এড: মিজানুর রহমান সহ নেতৃবৃন্দ।

সিপিবি মেহেরপুরের উদ্যোগে মানববন্ধন ও আলোচনা সভা অনুষ্ঠিত

মেহেরপুর শহরের পুরাতন বাসট্যান্ডে আলোচনা সভা ও মানববন্ধন কর্মসূচি পালন করেছে বাংলাদেশের কমিউনিস্ট পার্টি (সিপিবি),মেহেরপুর জেলা শাখা।

গতকাল শনিবার (২৫ মে) সকাল শনিবার সকাল ১০ টার সময় শহিদুল ইসলাম (গাংনী) এর সভাপতিত্বে ও শহিদুল ইসলাম কানন এর সঞ্চালনায়

মানববন্ধন ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভার শুরুতে প্রথমে শোক প্রস্তাব উপস্থাপন করা হয়। এবং কমরেড আব্দুল মান্নান এর আত্মার শান্তি কামনা করে ১ মিনিট নিরবতা পালন করা হয়। পরে বক্তারা দ্রব্যমূল্যের ক্রমাগত বৃদ্ধির জন্য বর্তমান সরকারকে দায়ি করেন। এবং সরকারের সমালোচনা করেন। এবং জনগণের অধিকার প্রতিষ্ঠা করার জন্য বাম সরকার প্রতিষ্ঠার উপরে গুরুত্ব আরোপ করেন।

এসময় সেখানে আরো উপস্থিত ছিলেন কমরেড এডঃ মিজানুর রহমান, কমরেড সিদ্দিকুর রহমান সহ আরো অনেকে।

মেহেরপুরে সিপিবির কর্মী সভা অনুষ্ঠিত

বাংলাদেশ কমিউনিস্ট পার্টি (সিপিবি) মেহেরপুর জেলা শাখার কর্মী সভা অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার (৬ অক্টোবর) সকাল ১১ টায় মেহেরপুর পৌর এলাকার পুরাতন বাসষ্ট্যান্ড পাড়ায় এই কর্মী সভা অনুষ্ঠিত হয়।

সভায় প্রধান অতিথির বক্তব্যে বাংলাদেশ কমিউনিস্ট পার্টি (সিপিবি)’র কেন্দ্রীয় কমিটির সদস্য কমরেড ডাঃ সাজেদুল হক রুবেল নির্দলীয় নিরেপক্ষ তত্ত্বাবধায়ক সরকারের অধীনে নির্বাচন এবং ভোট ও ভাতের অধিকারের জন্য আন্দোলন সংগ্রামের কর্মসূচি চালিয়ে জণগণকে সাথে নিয়ে বিকল্প বাম শক্তি গড়ে তুলে আন্দোলন-সংগ্রাম জোরদার করার অভিপ্রায় ব্যক্ত করেন। এবং সেই সাথে শোষকদের বিরুদ্ধে শক্ত হাতে আন্দোলনের মাধ্যমে দাবী আদায় করার লক্ষে শ্রমিক-কৃষকদের সচেতন থাকতে বলেন।

বাংলাদেশ কমিউনিস্ট পার্টি (সিপিবি) মেহেরপুর জেলা শাখার সভাপতির অনুপস্থিতিতে কর্মী সভায় সভাপতিত্ব করেন কমরেড শহিদুল ইসলাম। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ কমিউনিস্ট পার্টি

(সিপিবি)’র কেন্দ্রীয় কমিটির সদস্য কমরেড ডাঃ সাজেদুল হক রুবেল এবং বিশেষ অতিথি ছিলেন কেন্দ্রীয় কমিটির সদস্য কমরেড ইদ্রিস আলী।

এসময় সিপিবি’র মেহেরপুর জেলা শাখার সাধারণ সম্পাদক কমরেড শহিদুল ইসলাম কাননের সঞ্চালনায় কর্মী সভায় বক্তব্য রাখেন কমরেড অ্যাডভোকেট মিজানুর রহমান, কমরেড মুসা করিম, কমরেড মাহমুদুল হক, কমরেড রফিকুল ইসলাম, কমরেড আহসান হাবীব, কমরেড আব্দুল হাকিম, কমরেড গোলাম মোস্তফা, উষা, রাজনসহ জেলার বিভিন্ন ইউনিটের নেতাকর্মীরা।

মেহেরপুরে সিপিবির জেলা শাখার সম্মেলন

বাংলাদেশ কমিউনিস্ট পার্টি (সিপিবি) মেহেরপুর জেলা শাখার সম্মেলন অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার সকালে মেহেরপুর পুরাতন বাসস্ট্যান্ড কার্যালয়ে এ সম্মেলন অনুষ্ঠিত হয়। সম্মেলনে সভাপতিত্ব করেন কমরেড জালাল উদ্দিন।

কমরেড শহিদুল ইসলাম কাননের সঞ্চালনায় সম্মেলনে বক্তব্য রাখেন বাংলাদেশের কমিউনিস্ট পার্টি (সিপিবি) এর কেন্দ্রীয় কমিটির নেতা কমরেড এস.এ রশিদ।

এছাড়াও বক্তব্য রাখেন, কমরেড আক্কাস আলী, শহিদুল ইসলাম, সিদ্দিকুর রহমান, আরজ আলী, মিজানুর রহমান, আব্দুল জব্বার, মোহাদ্দেস আলী, রফিকুল ইসলাম, মোশারফ হোসেন, মহাদেব সাহা প্রমুখ।

সম্মেলন পরবর্তীতে কমরেড জালাল উদ্দিনকে সভাপতি এবং কমরেড শহিদুল ইসলাম কাননকে সাধারণ সম্পাদক করে ১৩ সদস্য বিশিষ্ট মেহেরপুর জেলা কমিটি গঠন করা হয়েছে।